**এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন**

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি

৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫।

www.napdaa.org,

E-mail: info@napdaa.org

| | | |
|---|---|---|
| বিষয় | : | এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন-এর কার্যনির্বাহী কমিটি (২০১৬-২০১৯) ৯ম সভার কার্যবিবরণী। |
| তারিখ | : | ২৪ সেপ্টেম্বর, ২০১৯ (মঙ্গলবার) |
| সময় | : | বিকাল ০৩:০০ ঘটিকা। |
| সভার স্থান | : | এনএপিডি'র বোর্ড রুম। |
| সভাপতি | : | জনাব মোহাম্মদ আবুল কাসেম, মহাপরিচালক (সরকারের সচিব), এনএপিডি<br>ও<br>সভাপতি, এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন। |

সভার উপস্থিতি:

| ক্রম. | নাম, পদবি ও কর্মস্থলের ঠিকানা | অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পদবি | | ক্রম. | নাম, পদবি ও কর্মস্থলের ঠিকানা | অ্যালামনাই অ্যাসোসিয়েশনের পদবি |
|---|---|---|---|---|---|---|
| ১. | প্রকৌশলী, মোঃ আব্দুর রশীদ<br>পরিচালক (প্রশা. ও অর্থ), এনএপিডি | সহ-সভাপতি | | ৬. | জনাব নাজলী জামাল | মহিলা বিষয়ক সম্পাদক |
| ২. | জনাব মোঃ আতাউল হক<br>ব্যবস্থাপনা পরিচালক, ফায়ার সার্ভিস ওয়েলফেয়ার ট্রাস্ট,<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | মহাসচিব | | ৭. | ড. মোঃ নুরুজ্জামান<br>পরিচালক (প্রশিক্ষণ), এনএপিডি | নির্বাহী সদস্য |
| ৩. | ডাঃ মোঃ সাখাওয়াত হোসাইন মিঠু<br>এমও, বক্ষব্যধি হাসপাতাল, মহাখালী, ঢাকা | কোষাধ্যক্ষ | | ৮. | জনাব মোঃ শরিফুল ইসলাম<br>ব্যবস্থাপক, ডিপিডিসি | নির্বাহী সদস্য |
| ৪. | জনাব সিরাজ-উদ-দৌলা চৌধুরী<br>পরিচালক, বারডেম হাসপাতাল, ঢাকা | সাংগঠনিক সম্পাদক | | ৯. | জনাব ইফতেখারুল আলম রিজভী,<br>সহকারী পরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা | নির্বাহী সদস্য |
| ৫. | শেখ মুজিবুল হক<br>প্রোগ্রাম ম্যানেজার,<br>ব্র্যাক, মহাখালী, ঢাকা | মানব সম্পদ উন্নয়ন সম্পাদক | | | | |

২.০০ সভাপতি উপস্থিত সদস্যগণের সঙ্গে পরিচিত হন এবং সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে মহাসচিব আলোচ্যসূচী ভিত্তিক আলোচনা উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম. | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ২.০১ | গত সভার কার্যবিবরণী অনুমোদন | গত ২৩.০৭.২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর উপর কোন আপত্তি পাওয়া যায়নি। | ২৩.০৭.২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়। |
| ২.০২ | স্থায়ী আমানত রাখা সংক্রান্ত | মহাসচিব সভায় অবহিত করেন যে, এনএপিডি অ্যালামনাই তহবিল-এর নামে আল-আরাফা ইসলামী ব্যাংক, বংশাল শাখা ও আইএফআইসি ব্যাংক, এলিফ্যান্ট রোড শাখায় মোট (২+২) = ৪ (চার) লক্ষ টাকা এফডিআর করা আছে। বর্তমানে সমিতির সাধারণ একাউন্টে ২,৪৬,০০০/- (দুই লক্ষ ছেচল্লিশ হাজার টাকা মজুদ আছে। দৈনন্দিন ব্যয় মেটানোর জন্য ৪৬,০০০ টাকা মজুদ রেখে উক্ত তহবিল থেকে ২ (দুই) লক্ষ টাকা অধিক মুনাফা প্রদানকারী যে কোন ব্যাংকে স্থায়ী আমানত | আল-আরাফা ইসলামী ব্যাংক, বংশাল শাখায় মহাসচিব ও কোষাধ্যক্ষ-এর যৌথ স্বাক্ষরে ২ (দুই) লক্ষ টাকা এফডিআর করা হবে। |

| ক্রম. | আলোচনার বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
| --- | --- | --- | --- |
| | | হিসেবে গচ্ছিত রাখা যেতে পারে। | |
| ২.০৩ | সেমিনার /কর্মশালা আয়োজন | মহাসচিব সভায় অবহিত করেন যে, ইতোপূর্বে ২৮ মার্চ, ২০১৭ তারিখে এনএপিডি'র প্রীতিলতা ওদেদ্দার মিলনায়তনে Campaign on Cancer Awareness শীর্ষক একটি কর্মশালা আয়োজন করা হয়। আয়োজিত কর্মশালাটি সর্বমহলে প্রশংসিত হয়েছে। এর ধারাবাহিকতায় বিভিন্ন জরুরী বিষয়ে অনরূপ সচেতনতামূলক উদ্যোগ গ্রহণের সিদ্ধান্ত রয়েছে। এ প্রসঙ্গে সভাপতি অভিমত ব্যক্ত করেন যে বর্তমানে দেশে ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব দেখা দিয়েছে। এনএপিডি এলামনাই এসোসিয়েশন এর বেশির ভাগ সদস্য চিকিৎসক। কাজেই এ রোগের প্রতিরোধে গণ সচেতনতা সৃষ্টিতে এনএপিডি এর এলামনাইগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। এ লক্ষ্যে "ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব রোধে করণীয়" শীর্ষক একটি কর্মশালা আয়োজন করা সময়ানুগত হবে। | আগামী ২২ অক্টোবর, ২০১৯ "ডেঙ্গু রোগের প্রাদুর্ভাব রোধে করণীয়" শীর্ষক একটি কর্মশালা আয়োজন করা হবে। প্রস্তাবিত কর্মশালা আয়োজনের জন্য নিম্নোক্ত সদস্যগণের সমন্বয়ে একটি উপ-কমিটি গঠন করা হলোঃ<br>১। ডাঃ মোঃ সাখাওয়াত হোসেন মিঠু-আহবায়ক<br>২। ডাঃ মোঃ ওয়াহিদুল ইসলাম প্রিন্স-সদস্য<br>৩। ডাঃ মোঃ তানভির আশরাফ-সদস্য<br>৪। ডাঃ নৌশাদ কায়সার পাঠান-সদস্য |
| ২.০৪ | এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন এর কাযনির্বাহী পরিষদের নতুন কমিটি গঠন | মহাসচিব সভায় অবহিত করেন যে, বর্তমান কাযনির্বাহী কমিটির মেয়াদ ডিসেম্বর, ২০১৯ মাসে শেষ হবে। সমিতির কার্যক্রম এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে নতুন কমিটি গঠন করা প্রয়োজন। সমিতির ঐতিহ্য অনুযায়ী গণতান্ত্রিক পদ্ধতি অনুসারণ করে নতুন কমিটি গঠনের উপর সভায় গুরুত্বারোপ করা হয়। | একাডেমির অতিরিক্ত মহাপরিচালক মহোদয়কে প্রধান নির্বাচন কমিশনার করে ডিসেম্বর, ২০১৯ মাসের প্রথম সপ্তাহে সদস্য গণের পূণ:র্মিলণী অনুষ্ঠানে গঠনতন্ত্র অনুসরণে নতুন কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হল। |
| ২.০৫ | স্যোসাল মিডিয়ার মাধ্যমে সদস্যগণের নেটওয়ার্ক সুদৃঢ় করা | সামাজিক যোগাযোগ মাধ্যম বিশেষ করে Facebook page এ সদস্যগণের লিংক এবং এসোসিয়েশন এর বিভিন্ন কর্মকান্ডের ছবি/তথ্য আপলোড ও শেয়ারের মাধ্যমে সদস্যগণের নেটওয়ার্কিং সুদৃঢ় করার উপর সভায় গুরুত্ব আরোপ করা হয়। | কাযনির্বাহী কমিটির নির্বাহী সদস্য জনাব মোঃ শরিফুল ইসলাম সামাজিক যোগাযোগ মাধ্যমে নেটওয়ার্কিং ও কর্মকান্ড প্রচারের ব্যবস্থা করবেন। এ ক্ষেত্রে ক্ষুদে বার্তা প্রেরনের প্রয়োজনে একাডেমির পক্ষ থেকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা হবে। |
| ২.০৬ | এ্যাসেসিয়েশন এর কার্যক্রম সম্বলিত পুস্তিকা প্রকাশ | সদস্যগণের মধ্যে নেটওয়ার্কিং এর সুবিধার্থে এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের জীবন সদস্যগণের তালিকা, ছবি ও বিভিন্ন কর্মকান্ডের ছবি সম্বলিত একটি পুস্তিকা প্রকাশের বিষয়ে সভায় ঐক্যমত পোষন করা হয়। | জীবন সদস্যগণের নাম, ছবি, বিবরণী ও এ্যাসেসিয়েশনের কর্মকান্ডের বিবরণীযুক্ত একটি পুস্তিকা প্রকাশ করা হবে। এ পুস্তিকা পুনঃমিলনী অনুষ্ঠানে সম্মানীর বিনিময়ে বিতরণ করা হবে। জনাব সিরাজ-উদ-দৌলা চৌধুরী, পরিচালক, বারডেম হাসপাতাল, ঢাকার নেতৃত্বে পুস্তিকাটি প্রকাশিত হবে। তিনি প্রয়োজনে সদস্য কো-আপট করতে পারবেন। |

৩.০০ পরিশেষে সভাপতি কর্তৃক ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ আবুল কাসেম)
মহাপরিচালক (সরকারের সচিব) এনএপিডি
ও
সভাপতি
এনএপিডি অ্যালামনাই অ্যাসোসিয়েশন